



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet- 17

Class: 3



Subject: Bengali Text: (আবদুল মাঝির গল্প)

Date: 20/6/20

১। শব্দের অর্থ লেখ—

ক) ডিঙি = ছোটো নৌকা

খ) কালবৈশাখী = চৈত্র বৈশাখ মাসে বিকেলের দিকের ঝড়বৃষ্টি

গ) দমকা = হঠাৎ তেড়ে আসা

ঘ) বিচ্ছিরি = বিশ্রী

ঙ) মোকাবিলা = মুখোমুখি বোঝাপড়া

চ) নাল = লালা

২। বন্ধনীর মধ্যে থেকে সঠিক উত্তরটি নিয়ে বাক্যটি লেখ –

ক) আবদুলের নৌকা (ঢেউয়ে/তুফানে) ডোবে ডোবে ।

উঃ আবদুলের নৌকা তুফানে ডোবে ডোবে ।

খ) আবদুলকে ফিরতে হবে (গোপালগঞ্জে/বাহাদুরগঞ্জে) ।

উঃ আবদুলকে ফিরতে হবে বাহাদুরগঞ্জে ।

গ) নেকড়ের লাল টকটকে জিভ দিয়ে (রক্ত/নাল)ঝরতে লাগল ।

উঃ নেকড়ের লাল টকটকে জিভ দিয়ে নাল ঝরতে লাগল ।

ঘ) ডিঙির সঙ্গে (বাঘের বাচ্চা/ইঞ্জিন)জুড়ে গুন টেনে নিয়েছিল ।

উঃ ডিঙির সঙ্গে বাঘের বাচ্চা জুড়ে গুন টেনে নিয়েছিল

ঙ) আবদুল (মজারগল্প/পড়াশোনার গল্প) বলত ।

উঃ আবদুল মজার গল্প বলত ।

৩। উত্তর লেখ -

ক) আবদুল মাঝির গল্প'- এটাকে কী ধরনের গল্প বলে ?

উঃ এটাকে কাল্পনিক কাহিনী বলে ।

খ) আবদুলের চেহারা কেমন ছিল ?

উঃ আবদুল মাঝির ছুঁচোলো দাড়ি,গোঁফ কামানো,আর মাথা ন্যাড়া ছিল ।

গ) নেকড়ে বাঘটাকে আবদুল কীভাবে বন্দি করেছিল ?

উঃ রশিতে ফাঁস লাগিয়ে নেকড়ে বাঘটাকে আবদুল বন্দি করেছিল ।

ঘ) নেকড়ে বাঘটা দাঁড়ের খোঁচা খেয়ে নৌকাটাকে কিভাবে পৌঁছে দিয়েছিল ?

উঃ দাঁড়ের খোঁচা খেয়ে নেকড়ে বাঘটা দশপনেরো ঘন্টার রাস্তা দেড় ঘন্টায় পৌঁছিয়ে দিয়েছিল ।

ঙ) আবদুল মাঝি কাকে গল্পটা বলেছিল ?

উঃ আবদুল মাঝি লেখককে গল্পটা বলেছিল ।

৪। বিপরীত শব্দ লেখ -

ক) কাছে = দূরে

খ) সামনে = পিছনে

গ) পছন্দ = অপছন্দ

ঘ) বেঁচে = মরে